# ২০১৭-১০১৮ অর্থ বৎসরের প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য
## পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের তথ্য

১। **ভূমিকা ঃ** পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন-১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন) অনুসারে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ গঠন করা হয়। বিগত ২ ডিসেম্বর ১৯৯৭ সনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে স্বাক্ষরিত পার্বত্য চট্টগ্রাম চুক্তি অনুসারে ২৭ মে ১৯৯৯ ইং তারিখে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।

২। **কর্মপরিধিঃ** পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন-১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন)এর ২২ ধারা অনুসারেঃ

(ক) পার্বত্য জেলা পরিষদের অধীনে পরিচালিত সকল উন্নয়ন কর্মকান্ডসহ উহাদের আওতাধীন এবং উহাদের উপর অর্পিত বিষয়াদি সার্বিক তত্বাবধান ও সমন্বয়সাধন:

(খ) পৌরসভাসহ স্থানীয় পরিষদসমুহ তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর কার্যাবলীর সার্বিক তত্ত্বাবধান;

(ঘ) পার্বত্য জেলার সাধারন প্রশাসন, আইন শৃঙ্খলা ও উন্নয়নের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(ঙ) উপজাতীয় রীতিনীতি, প্রথা ইত্যাদি এবং সামাজিক বিচার সমন্বয় ও তত্ত্বাবধান;

(চ) জাতীয় শিল্পনীতির সহিত সংগতি রাখিয়া পার্বত্য জেলাসমুহে ভারী শিল্প স্থাপনের লাইসেন্স প্রদান;

(ছ) দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান কার্যক্রম পরিচালনা এবং এনজিও কার্যাবলীর সমন্বয় সাধন;

৩। **। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের গঠন, কাঠামো :**

চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রধান। পরিষদের নির্বাহী ক্ষমতা চেয়ারম্যানের উপর ন্যস্ত এবং এই ক্ষমতা চেয়ারম্যান কর্তৃক প্রত্যক্ষভাবে অথবা তার নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তির মাধ্যমে প্রযুক্ত হবে। পরিষদ নিম্নবর্ণিত সদস্যদের নিয়ে গঠিত ঃ

১। চেয়ারম্যান

২। ১২ (বার) জন উপজাতীয় সদস্য

৩। ৬ (ছয়) জন অ-উপজাতীয় সদস্য

৪। ২ (দুই) জন উপজাতীয় মহিলা সদস্য

৫। ১ (এক) জন অ-উপজাতীয় মহিলা সদস্য

৬। তিন পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, পদাধিকারবলে।

৪। **জনবল** ঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাংগঠনিক কাঠামোতে মোট ৭৩টি পদ আছে।.

৫। শূন্যপদ ঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে বর্তমানে ১ম শ্রেণীর ০৯টি,৩য় শ্রেণীর ১২টি এবং ৪র্থ শ্রেণীর ০৪টি সহ সর্বমোট ২৫টি শূন্যপদ আছে।

৭। **বাজেট :** পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের অনুকূলে অনুন্নয়ন খাতে সরকারী কোষাগার হতে ৫৩৫৬৫০০০.০০/-(পাঁচ কোটি পঁয়ত্রিশ লক্ষ পঁয়ষট্টি হাজার কোটি টাকা)বরাদ্দ প্রদান করা হয়।

৮। **উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পের তালিকা :**

২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন/রাজস্ব বাজেটে গৃহীত প্রকল্পের তালিকাঃ

প্রকল্পের নামঃ - পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (সিএইচটিআরসি অংশ), প্রাক্কলিত মোট ব্যয়ঃ-২৯,৪৪৬.৫০ লক্ষ টাকা (১ম সংশোধিত)।

| ক্রমিক নং | জিওবি (লক্ষ টাকায়) | ডিপিএ (লক্ষ টাকায়) | আরপিএ (লক্ষ টাকায়) | শুল্ক | মোট (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১। | ১১২৮.০০ | ১১২.০০ | ৪২৬০.০০ | - | ৫৫০০.০০ |

৯। ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন খাতে আয়-ব্যয়ের বিবরণঃ -

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্তি (লক্ষ টাকায়) | ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১। | কমিউনিটি অবকাঠামো উন্নয়নঃ | | |
| | ক) গ্রামীণ অবকাঠামো | | |
| | খ) সংযোগ রাস্তা ও গ্রামীণ অবকাঠামো | ২৮৫০.০০ | ২৬৪৯.০৮ |
| | গ) ওয়াটারশেড ম্যানেজম্যান্ট | ৯৫.৪০ | ৯২.১২ |
| ২। | এনজিও | | |
| | ক) এনজিও সার্ভিস ফর কমিউনিটি | ১৯৩.০০ | ১৯২.৬৮ |
| | খ) এনজিও ম্যাড | ২৭৪.০০ | ২৭৩.৫২ |
| | গ) প্রশিক্ষণ | ৩৫০.০০ | ৩৫০.০০ |
| ৩। | প্রাতিষ্ঠানিক উন্নয়ন | ৫০.৫৬ | ৪৪.০৩ |
| ৪। | ভূমি অধিগ্রহণ ও পুর্নবাসন এবং এনজিও সার্ভিসেস | ৫৭৩.০০ | ৫৭২.০৮ |
| ৫। | জনবল (কর্মকর্তা/কর্মচারী) | ১৯০.০০ | ১৮৬.০০ |
| ৬। | অফিস কন্টিনজেন্সি ষ্টেশনারী, প্রিন্টিং, টেলিফোন, জ্বালানী ও মেরামত ইত্যাদি | ১২৪.০০ | ১২৪.০০ |
| ৭। | কনসালটেন্সি সার্ভিস | ৬২৭.০০ | ৫৪৩.০২ |
| | মোটঃ- | **৫৩২৬.৯৬** | **৫০২৬.৫৩** |

১০।। কর্মসূচীর নাম ঃ
পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (রুরাল রোড্স কম্পোনেন্ট)
কর্মসূচীর (২য় সংশোধিত) প্রাক্কলিত ব্যয় ঃ ২২০৭২.৪০ লক্ষ
২০১৭-২০১৮ অর্থ বছরের আয় ব্যয়ের বিবরণঃ

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্তি (লক্ষ টাকায়) | ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১। | ফাংশনাল বিল্ডিং | ৫.৮০ | ৫.৮০ |
| ২। | সড়ক উন্নয়ন (পূর্ত কাজ) | ৪৬০৫.৬২ | ৪২৮০.৭৭ |
| ৩। | সম্পদ সংগ্রহ | ৬১.৭২ | ৩২.৩০ |
| ৪। | সরবরাহ ও সেবা (কনসালটেন্সিসহ) | ২০১.৮৭ | ১১০.১৮ |
| ৫। | জনবল ৭৪.৬৫ ৭৩.৭৬ | ৮০.১৩ | ৭২.০০ |
| | মোটঃ | **৪৯৫৫.১৪** | **৪৫০১.০৫** |

**১১। বিভিন্ন কমিটি : পরিষদে নিম্নবর্ণিত ০৮টি কমিটি রয়েছে।**

(ক) সাধারণ প্রশাসন ও আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি; (খ)আইন, ভূমি ও স্থানীয় পরিষদ বিষয়ক কমিটি; (গ)উন্নয়ন ও পর্যটন বিষয়ক কমিটি ; (ঘ)শিক্ষা, সংস্কৃতি ও উপজাতীয় বিষয়ক কমিটি; (ঙ)কৃষি, মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি ; (চ)সমাজ কল্যান ও সমবায় বিষয়ক কমিটি ;(ছ)স্বাস্থ্য ও যুব বিষয়ক কমিটি ;(জ)বন,পরিবেশ ও শিল্প বাণিজ্য বিষয়ক কমিটি ।

**১২। পরিষদের সদস্যগণের পরিচিতি :**

| | | |
|---|---|---|
| (১) | শ্রী জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা | --- চেয়ারম্যান |
| (২) | শ্রী গৌতম কুমার চাকমা | --- সদস্য |
| (৩) | শ্রী কে এস মং মারমা | --- সদস্য |
| (৪) | শ্রী মংনুচিং মারমা | --- সদস্য |
| (৫) | শ্রীমতি মাধবীলতা চাকমা | --- সদস্য |
| (৬) | শ্রীমতি উনুপ্রু | --- সদস্য |
| (৭) | জনাব মো: ইউসুফ | --- সদস্য |
| (৮) | জনাব মো: জাফর আহমদ | --- সদস্য |
| (৯) | শ্রী গুনেন্দু বিকাশ চাকমা | --- সদস্য |
| (১০) | শ্রী স্নেহকুমার চাকমা | --- সদস্য |
| (১১) | শ্রী কাজল কান্তি দাশ | --- সদস্য |
| (১২) | শ্রী সাধুরাম ত্রিপুরা | --- সদস্য |
| (১৩) | জনাব মো: শফিকুর রহমান | --- সদস্য |
| (১৪) | শ্রী লয়েল ডেভিড বম | --- সদস্য |
| (১৫) | শ্রী রক্তোৎপল ত্রিপুরা | --- সদস্য |
| (১৬) | বেগম রওশন আরা বেগম | --- সদস্য |
| (১৭) | শ্রী সুধাসিন্ধু খীসা | --- সদস্য |
| (১৮) | জনাব নুরুল আলম | --- সদস্য |
| (১৯) | জনাব কামাল উদ্দিন | --- সদস্য |
| (২০) | শ্রী রূপায়ণ দেওয়ান | --- সদস্য |
| (২১) | ডা: নীলু কুমার তঞ্চঙ্গ্যা | --- সদস্য |
| (২২) | শ্রী সাথোয়াইপ্রু মারমা | --- সদস্য |
| (২৩) | চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ(পদাধিকারবলে) | --- সদস্য |
| (২৪) | চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ(পদাধিকারবলে) | --- সদস্য |
| (২৫) | চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ(পদাধিকারবলে) | --- সদস্য |

**১৩। সমস্যা :**

(১) পরিষদের শূন্যপদসমূহ পূরণের নিমিত্ত ছাড়পত্র না পাওয়ায় জনবল সংকটের কারণে পরিষদের দৈনন্দিন কার্যসম্পাদনে গতিশীলতা বিঘ্নিত হচ্ছে।

(২) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের নিজস্ব কমপ্লেক্স ভবন না থাকায় পরিষদের প্রশাসনিক কার্য সম্পাদনে যেমনভাবে বিঘ্নিত হচ্ছে তেমনি সরকারের আর্থিক ক্ষতির পরিমান ক্রমশ: বৃদ্ধি পাচ্ছে।

======